মেহেরপুরে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল ১০ টাই জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা উন্নয়ন সমন্বয় সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

সভায় উপস্থিত ছিলেন জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা এইচ. এন. সালাউদ্দিন মঞ্জু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. সাজ্জাদ হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সরকারি মহিলা কলেজের সহযোগী অধ্যাপক কাজী আশরাফুল আলম, জেলা কমান্ড্যান্ট আল-আমিন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আনোয়ার হোসেন, সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী মিজানুর রহমান, মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাসিমা খাতুন, টিটিসির অধ্যক্ষ ড. শামীম হোসেন, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা কর্মকর্তা আব্দুর রাহিম, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপপরিচালক আব্দুস সাত্তার, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সুকুমার মিত্র, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তোফাজ্জল হোসেন, জেলা নির্বাচন কর্মকর্তা মো. এনামুল হক, জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা তুলসী কুমার পাল, জেলা তথ্য কর্মকর্তা আব্দুল্লাহ মাসুদ, জেলা কৃষি বিপণন কর্মকর্তা তরিকুল ইসলাম, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশেদ আহমেদ, জেলা পরিসংখ্যান কর্মকর্তা বশির উদ্দীন, বন বিভাগের কর্মকর্তা এইচ. টি. হামিমসহ বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তারা।

সভায় জেলার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড, চলমান প্রকল্পের অগ্রগতি এবং সরকারি সেবার মানোন্নয়ন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পাশাপাশি উন্নয়ন কার্যক্রম আরও গতিশীল ও সমন্বিতভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়।

[redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted]. [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted].[redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted].[redacted].[redacted].[redacted].[redacted].[redacted].[redacted].[redacted].[redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

সে গাংনী এতিমখানা ও মাদ্রাসার আবাসিক শিক্ষার্থী ছিল।

এতিমখানার সহকারী শিক্ষক তাওহিদুল ইসলাম দাবি করেন, সকালে অন্যান্য শিক্ষার্থীরা ফুলবাগানে কাজ করছিল। এ সময় হাসাইন কক্ষে ছিল। পরে তার নাক দিয়ে রক্ত বের হতে দেখে তাকে হাসপাতালে নেওয়া হয়।

তবে এতিমখানার একাধিক শিক্ষার্থীর দাবি, হাসাইনকে তারা কক্ষের ভেতরে রক্তাক্ত অবস্থায় দেখতে পায়। পরে তাকে সেখান থেকে হাসপাতালে নেওয়া হয়। এ নিয়ে শিক্ষক ও শিক্ষার্থীদের বক্তব্যে অসঙ্গতি দেখা দিয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক মাহাবুব নয়ন বলেন, “শিশুটিকে হাসপাতালে আনার আগেই তার মৃত্যু হয়েছে। তার নাক ও মুখ দিয়ে রক্ত বের হচ্ছিল। প্রাথমিকভাবে আমাদের কাছে মনে হয়েছে, তাকে শ্বাসরোধ করে হত্যা করা হতে পারে। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে। পুলিশ তদন্ত করে পরবর্তী ব্যবস্থা নেবে।”

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাদ্দিদ মুর্শেদ বলেন, ‘খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করে ময়নাতদন্তের জন্য পাঠানো হচ্ছে। মৃত্যুর প্রকৃত কারণ উদঘাটনে তদন্ত শুরু হয়েছে।’

ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর সঠিক কারণ নিশ্চিত হওয়া যাবে বলে জানিয়েছে পুলিশ।

মেহেরপুর জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট সম্পন্ন

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৬ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১৮ জুলাই) বিকেল ৪টায় চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত রোমাঞ্চকর ফাইনালে আমদহ ইউনিয়ন ১-০ গোলে বুড়িপোতা ইউনিয়নকে পরাজিত করে শিরোপা জিতে নেয়।

ম্যাচের একমাত্র গোলটি করেন আমদহ ইউনিয়নের তুষার। তার নেওয়া দুর্দান্ত ফ্রিকিক থেকেই জয়সূচক গোলটি আসে। অসাধারণ নৈপুণ্য প্রদর্শনের জন্য ম্যাচসেরা খেলোয়াড় নির্বাচিত হন শামীম।

ফাইনাল খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাবলু সূত্রধর। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি ও পৌর ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো. ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক মো. সাহিদুল ইসলাম, জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব মো. রাকিবুল হাসান রিপন, সদর উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি ও মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. জাব্বারুল ইসলাম, শ্যামপুর ইউনিয়নের রাজনৈতিক সেক্রেটারি মো. আজমাইন হোসেন, বিভিন্ন ইউনিয়ন পরিষদের সচিব এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ।

খেলা শেষে প্রধান অতিথি ইউএনও বাবলু সূত্রধর চ্যাম্পিয়ন আমদহ ইউনিয়ন ও রানার্সআপ বুড়িপোতা ইউনিয়নের খেলোয়াড়দের হাতে ট্রফি ও পুরস্কার তুলে দেন।

বৃষ্টিমুখর আবহাওয়া উপেক্ষা করে মাঠে হাজারো ফুটবলপ্রেমী দর্শকের উপস্থিতি খেলায় ভিন্নমাত্রা যোগ করে। দর্শকদের উৎসাহ-উদ্দীপনায় পুরো মাঠ ছিল প্রাণবন্ত।

মেহেরপুরে কৃষক দলের বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

তারেক রহমানের বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর জেলা কৃষক দলের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার চাঁদপুরে ভৈরব নদের তীরে এ কর্মসূচির উদ্বোধন করেন সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় তিনি পরিবেশের ভারসাম্য রক্ষা এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় বেশি বেশি গাছ লাগানোর আহ্বান জানান।

তিনি বলেন, বৃক্ষরোপণ শুধু পরিবেশ রক্ষাই নয়, ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি নিরাপদ ও সবুজ বাংলাদেশ গড়ারও গুরুত্বপূর্ণ উদ্যোগ।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমানসহ কৃষক দল ও বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

অনুষ্ঠানের অংশ হিসেবে ভৈরব নদের তীরে বিভিন্ন প্রজাতির বৃক্ষের চারা রোপণ করা হয়।

গাংনীর এক নারী আসামি কাশিমপুর কারাগার থেকে পালানোয় ৭ কর্মকর্তা-কর্মচারী বরখাস্ত

মেহেরপুরের গাংনী উপজেলার রায়পুর গ্রামের নারী আসামি রিম্পা (২১) গাজীপুরের কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার থেকে পালিয়ে যাওয়ার ঘটনায় দায়িত্বে অবহেলার অভিযোগে সাতজন কর্মকর্তা-কর্মচারীকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

শনিবার (১৮ জুলাই) সকালে সহকারী কারা মহাপরিদর্শক (এআইজি) মো. জান্নাতুল ফরহাদ বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, তদন্ত প্রতিবেদনে দায়িত্বে অবহেলার প্রমাণ পাওয়ায় সাতজন কর্মকর্তা- কর্মচারীর বিরুদ্ধে এ ব্যবস্থা নেওয়া হয়েছে।

বরখাস্ত হওয়া কর্মকর্তা-কর্মচারীরা হলেন মেট্রন লায়লা আনজুমান সুমি, মেট্রন মেরিনা, মেট্রন রেহেনা এবং মহিলা কারারক্ষী শায়লা,

শারমিন, জেমি ও আসমা।

জানা গেছে, গত বৃহস্পতিবার (১৬ জুলাই) রাত ৮টার দিকে কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারের দেয়াল টপকে রিম্পা পালিয়ে যান। ঘটনার পরপরই কারা কর্তৃপক্ষ কারাগারজুড়ে তল্লাশি চালালেও তার কোনো সন্ধান মেলেনি। পরে সিসিটিভি ফুটেজ পর্যালোচনায় নিশ্চিত হওয়া যায় যে তিনি কারাগার থেকে পালিয়ে গেছেন।

এ ঘটনায় শুক্রবার বিকেলে কারা কর্তৃপক্ষের পক্ষ থেকে গাজীপুরের কোনাবাড়ী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন কোনাবাড়ী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. ইফতেখার হোসেন।

রিম্পা মেহেরপুরের গাংনী উপজেলার রায়পুর গ্রামের বাসিন্দা। তিনি ঢাকার ধানমন্ডি থানার ভ্রাম্যমাণ আদালতে তিন মাসের সাজাপ্রাপ্ত হয়ে কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগারে বন্দি ছিলেন। পলাতক আসামিকে গ্রেপ্তারে আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান অব্যাহত রয়েছে।

মাদকমুক্ত সমাজ গড়তে ফুটবল বিতরণ করলেন সাবেক ইউপি চেয়ারম্যান মনি

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের যুব ও ছাত্রসমাজকে মাদকাসক্তি থেকে দূরে রাখতে খেলাধুলায় আরও বেশি সম্পৃক্ত হওয়ার আহ্বান জানিয়ে ফুটবল বিতরণ করেছেন ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান মনি।
আজ শুক্রবার বিকেলে ইউনিয়নের জুগিরগোপা গ্রামে ছাত্র ও যুবকদের হাতে ফুটবল তুলে দেন তিনি। এর আগে একইভাবে ষোলটাকা ইউনিয়নের বিভিন্ন গ্রামে খেলাধুলার প্রসারে তিনি ফুটবল বিতরণ করেন।
এ সময় সাবেক চেয়ারম্যান মনিরুজ্জামান মনি বলেন, যুবসমাজকে মাদক থেকে দূরে রাখতে খেলাধুলার কোনো বিকল্প নেই। খেলাধুলা মানুষকে

শারীরিক ও মানসিকভাবে সুস্থ রাখে; শৃঙ্খলাবোধ, ভ্রাতৃত্ববোধ ও সামাজিক মূল্যবোধ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই তরুণদের খেলাধুলায় উৎসাহিত করতেই আমি এই ফুটবল বিতরণ কর্মসূচি হাতে নিয়েছি।
তিনি আরও বলেন, একটি সুস্থ, মাদকমুক্ত ও সুন্দর সমাজ গড়তে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে এগিয়ে আসতে হবে। তরুণদের মাঠমুখী করতে পারলে তারা অসামাজিক কার্যকলাপ থেকে দূরে থাকবে এবং দেশ ও সমাজের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।
আসন্ন ষোলটাকা ইউনিয়ন পরিষদ নির্বাচনে তিনি পুনরায় চেয়ারম্যান পদে প্রার্থী হওয়ার ইচ্ছা প্রকাশ করে ইউনিয়নবাসীর দোয়া, ভালোবাসা ও সমর্থন কামনা করেন।
তিনি বলেন, অতীতের মতো ভবিষ্যতেও ষোলটাকা ইউনিয়নের রাস্তাঘাট, শিক্ষা, স্বাস্থ্য, ক্রীড়া ও সার্বিক উন্নয়ন এবং জনসেবামূলক কর্মকাণ্ডে নিজেকে নিয়োজিত রাখতে চাই। জনগণের আস্থা ও সমর্থন পেলে ইউনিয়নের উন্নয়নে আরও আন্তরিকভাবে কাজ করব।
ফুটবল বিতরণ কর্মসূচিতে বিএনপি নেতাকর্মী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, ক্রীড়াপ্রেমী, ছাত্র-যুবকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন। উপস্থিত যুবকদের মধ্যে এই উদ্যোগকে ঘিরে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ্য করা যায়।

গাংনীতে বেওয়ারিশ কুকুরের কামড়ে শিশুসহ আহত ২০, জনমনে আতঙ্ক

মেহেরপুরের গাংনীতে বেওয়ারিশ কুকুরের কামড়ে নারী, শিশু ও বৃদ্ধসহ অন্তত ২০ জন আহত হয়েছেন। আজ শুক্রবার দুপুরে গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের রামনগর পশ্চিমপাড়ায় এ ঘটনা ঘটে। কুকুরের এই আকস্মিক তাণ্ডবে পুরো গ্রামে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ক্ষুব্ধ এলাকাবাসী একটি কুকুর মেরে ফেলেছে।

আহতদের মধ্যে রয়েছেন মো: জিনারুল ইসলাম, ফাতেমা খাতুন, আবেদা

খাতুন, রশিদুল ইসলাম, রেকছনা খাতুন, আসলাম হক, আকলিমা খাতুন, নবির হোসেন, জিহাদ আলী, আরিফুল ইসলাম, সাকিবুল হোসেন, জাকির হোসেন, রাফসান আলী, ফাতেমা বেগম ও হামিদা খাতুনসহ আরও অনেকে।

স্থানীয়রা জানান, গত জুন মাসে পৌর শহরে ১৭ জন কুকুরের কামড়ে আহত হওয়ার পর বর্তমানে বেওয়ারিশ কুকুরের সংখ্যা আশঙ্কাজনকভাবে বেড়েছে। রামনগরের ভুক্তভোগীরা জানান, ৪-৫টি কুকুর দলবদ্ধভাবে বিভিন্ন পাড়ায় দৌড়াদৌড়ি শুরু করে এবং পথচারীদের ওপর ঝাঁপিয়ে পড়ে। এমনকি কুকুরগুলো গৃহপালিত ছাগলকেও কামড়িয়ে আহত করেছে।

আহত মো: জিনারুল ইসলাম বলেন, হাসপাতালে ভোগান্তির আশঙ্কায় অনেকেই প্রাইভেট ক্লিনিকে চিকিৎসা নিয়েছেন। সেখানে ভ্যাকসিন নিতে আমার প্রায় তিন হাজার টাকা খরচ হয়েছে। এলাকায় কুকুরের ভয়ে সবাই চরম আতঙ্কে রয়েছে।

বামন্দী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান শাহ আলম বলেন, “বিভিন্ন এলাকায় কুকুরের উপদ্রব চরম আকার ধারণ করেছে। ছোট শিশুদের নিয়ে অভিভাবকরা আতঙ্কে আছেন। আমি আহতদের দ্রুত সরকারি হাসপাতালে গিয়ে ভ্যাকসিন নেওয়ার পরামর্শ দিয়েছি।

এ বিষয়ে গাংনী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আরিফুল ইসলাম জানান, ২০২২ সালের পর কুকুরের ভ্যাকসিনেশনের বিষয়ে সরকারিভাবে কোনো নতুন বরাদ্দ বা নির্দেশনা আসেনি।

তবে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো: একরামুল হক জানান, স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত ভ্যাকসিন মজুদ রয়েছে। তিনি বলেন, “আহতদের ২৪ ঘণ্টার মধ্যে ভ্যাকসিন নেওয়া জরুরি। তারা হাসপাতালে এলেই সরকারিভাবে ভ্যাকসিন দেওয়া হবে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আনোয়ার হোসেন জানান, বিষয়টি অত্যন্ত দুঃখজনক। বেওয়ারিশ কুকুর নিয়ন্ত্রণের সরকারি বিধি অনুযায়ী দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

সচেতন মহলের দাবি, পৌরসভা ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত কার্যকরী উদ্যোগ না নিলে ভবিষ্যতে আরও বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা রয়েছে।

[redacted]

[redacted]

গিয়ে লাঞ্ছিত করতে পারে না।

তিনি আরো বলেন, অভিযুক্তদের কয়েকজনের বিরুদ্ধে অতীতেও বিভিন্ন ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডের অভিযোগ উঠেছিল। তারা উল্লেখ করেন, ২০২৪ সালের ৪ নভেম্বর গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হোসনে মোবারকের ওপর হামলার ঘটনায়ও কয়েকজনের বিরুদ্ধে মামলা হয়েছিল। ওই ঘটনার প্রতিবাদে তৎকালীন উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহার নেতৃত্বে সরকারি কর্মকর্তা-কর্মচারীরা মানববন্ধন করেছিলেন।

পৌর বিএনপি সাংগঠনিক সম্পাদক ইমাম বলেন,আবুল কালাম আজাদের বিরুদ্ধে সরকারি নির্ধারিত ফি ছাড়াও অতিরিক্ত ২০০ টাকা নেওয়ার অভিযোগ ওঠে এ কারণে বিক্ষোভ তো লোকজন তাকে আটকে রাখে।

এদিকে মামলার বাদীর দাবি, হামলাকারীরা তাকে মারধর করার পাশাপাশি অপহরণের চেষ্টা, চুরি এবং প্রাণনাশের হুমকি দেয়।

মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই তারেক নাহিয়ান বলেন, মামলার আসামিদের কয়েকজনের বিরুদ্ধে শিক্ষা কর্মকর্তাকে মারধর সহ চাঁদাবাজি ও সন্ত্রাসী কর্মকাণ্ড সহ নানা অপকর্মের অভিযোগ রয়েছে। মামলাটি তদন্ত শুরু হয়েছে। আসামীদের গ্রেফতারে অভিযান চালানো হবে।

বীর মুক্তিযোদ্ধা চারুশিল্পী গোলাম মোস্তফা’র ইন্তেকাল, চোখসহ দেহ দান করলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটী গ্রামের বীর মুক্তিযোদ্ধা ও চারুশিল্প গোলাম মোস্তফা ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রজিউন।